## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ৴০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৩১শে আশ্বিন বুধবার ১৩৬৩ ইংরাজী 17th Oct. 1956 { ২৩শ সংখ্যা


## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১২ই নভেম্বর ১৯৫৬

১৯৫৬ সালের ডিক্রীজারী

১৪৮ থাং ডিঃ তালিবপুর জয়েন্ট ওয়াকফ ষ্টেটের মাতোয়ালীগণ মৌলবী গোলাম জিলানী দিং দেং পুলিনচন্দ্র মণ্ডল দিং দাবি ৯৮॥৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে সাধুয়া ও কাঁকুড়িয়া ৩-৭১ শতকের কাত ১৪।৴৬ পাই আঃ ৩৭০৲ খং ৬১, ৪০৯ রায়ত মোকররী স্বত্ব

১৪৯ থাং ডিঃ ঐ দেং কিশোরীমোহন দাস দাবি ৩৪।০ থানা ঐ মৌজে শ্রীকান্তবাটী ৭২ শতকের কাত ৪৶০ আঃ ৭০৲ খং ২০৫ রায়ত মোকররী স্বত্ব

১৯৩ থাং ডিঃ মনোহর দাস মহান্ত দিং দেং লোকমান বিশ্বাস দিং দাবি ৩৯।৴৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে পিয়ারাপুর ৩-৬৭ শতকের কাত ৫৸৶০ তন্মধ্যে দেন্দারের ⅓ অংশে ১২২ শতকের কাত হারাহারি মতে ১৸৶৩ আঃ ১২০৲ খং ১৭৬

১৯৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৭৭॥৵৬ মৌজাদি ঐ ৭-৯৩ শতকের কাত ১২॥৶৩ তন্মধ্যে দেন্দারের ⅓ অংশে ২৬৪ শতকের কাত হারাহারি মতে ৪৶৯ আঃ ২৬০৲ খং ১৭৩

১৯৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬৫।৬ মৌজাদি ঐ ৬-৬৬ শতকের কাত ১২॥৶১ তন্মধ্যে দেন্দারের ⅓ অংশে ২২২ শতকের কাত হারাহারি মতে ৪৶৬ আঃ ২২০৲ খং ১৭৫

২০৬ থাং ডিঃ ঐ দেং দ্বিজপদ হালদার দাবি ২৩৸৵০ মৌজাদি ঐ ২০৮ শতকের কাত ৩৸৶৯ আঃ ২০৫৲ খং ১৩১

২০৫ থাং ডিঃ মনোহর দাস মহান্ত দেং সাবিত্রীসুন্দরী দেবী দাবি ৩৭৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে খড়কাটী ২৮০ শতকের কাত ৪॥৶৪ আঃ ২৮০৲ খং ৩২১

———





হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৩১শে আশ্বিন বুধবার সন ১৩৬৩ সাল।

# বিজয়ার আলিঙ্গন

—০—

ত্রেতাযুগে রাবণ বধের পর রামচন্দ্র তাঁহার বিপৎকালের পরমাত্মীয় বানর-চমূর বীরগণকে আলিঙ্গন করিয়াছিলেন। তদবধি রামচন্দ্রের বিজয়োৎসবের বার্ষিক স্মৃতি উদ্‌যাপন করা হয় মা জগদম্বার প্রতিমা নিরঞ্জনের পর মর্য্যাদানুসারে গুরুজনকে পদধূলি লইয়া প্রণাম, সমবয়স্কগণকে করজোড়ে নমস্কার, স্নেহের জনগণকে আশীর্ব্বাদ জ্ঞাপন করিয়া আলিঙ্গন দ্বারা।

আলিঙ্গন দ্বারা আত্মীয়তা প্রকাশ মানব জাতির মধ্যে দেখা যায়। মুসলমানগণ তাঁহাদের ঈদ পর্ব্বের নামাজের পর পরস্পর পরস্পরকে আলিঙ্গন করেন। আর দেখা যায় বানরগণের মধ্যে এই আলিঙ্গন। যাঁহারা লক্ষ্য করিয়াছেন তাঁহারা স্বীকার করিবেন যে একটি হনুমান বা বানর আর একটিকে সোহাগ করিয়া আলিঙ্গন করে।

আমরা ত্রেতাযুগের বানরের নিকট এই প্রথা শিক্ষা করিয়াছি—"ডারউইন থিওরি" যাঁহারা মানেন, তাঁহারা নিশ্চয় অপমান বোধ করিবেন না। পুরাণ যাঁহারা মানেন তাঁহাদের এই নিকৃষ্ট পশুর নিকট শিক্ষার অপমান অপনোদনের জন্য পুরাণের কথার উল্লেখ করিতেছি।

রাবণ বধ ও রাবণবংশ ধ্বংসের জন্য রামচন্দ্রের সাহায্যার্থে ভিন্ন ভিন্ন দেব কপিকুলে ভিন্ন ভিন্ন বীর-রূপে অবতীর্ণ হন। ইন্দ্র বালিরূপে, সূর্য্য সুগ্রীবরূপে, এবং অন্যান্য দেবগণ অন্যান্য বীররূপে জন্মগ্রহণ করেন। পবনদেবের ঔরসে এবং কপিসুতা অঞ্জনার গর্ভে স্বয়ং রুদ্র হনুমান রূপে অবতীর্ণ হইয়া রাবণ বধে প্রধান সহায় হইয়াছিলেন। সুতরাং রাবণবধের আনন্দের অভিব্যক্তি এই সকল দেব-গণের নিকট শিক্ষা।

প্রত্যেক মানবের স্নেহের ভাণ্ডার মাতৃবক্ষ। মায়ের বুকের স্পর্শ পাইবামাত্র সন্তান সকল সন্তাপ মুক্ত হয়। মাতৃবক্ষই স্নেহের আধার। এই স্নেহ-ভরা বক্ষের পাশেই ভগবান মাতৃস্তন্যে শিশুর জীবন-ধারণের বিশুদ্ধ আহার্য্য অমৃতোপম স্তন্য দুগ্ধ শিশু ভূমিষ্ঠ হইবার বহু পূর্ব্বেই আমদানী করেন। সেই বক্ষে ধরিয়া আলিঙ্গন যে স্নেহের সর্ব্বোৎকৃষ্ট অভিব্যক্তি সে বিষয়ে সন্দেহ নাই। এই আলিঙ্গন শিক্ষা আমাদের সর্ব্বদেবদেবীর শ্রেষ্ঠা মাতৃদেবীর নিকট।

আমরা আমাদের গ্রাহক, পাঠক, বিজ্ঞাপনদাতা ও শুভকামী জনগণের সকলের সহিত সাক্ষাৎ-লাভ করিবার সৌভাগ্য করি নাই। সুতরাং আমাদের ক্ষুদ্রাদপি ক্ষুদ্র "জঙ্গিপুর সংবাদ" মারফৎ পাত্রবিশেষে মর্য্যাদানুযায়ী সম্ভ্রম প্রদর্শন করিয়া বিজয়ার সম্ভাষণ জ্ঞাপন করিতেছি।

---

## এ হার কাহার ?

গত বিজয়া দশমীর দিনে গোডাউন কলোনীতে পূজামণ্ডপের সম্মুখে একছড়া হার কুড়াইয়া পাওয়া গিয়াছে। সোনা কি অন্য কোন ধাতু বোঝা যাইতেছে না। যত্থপি উক্ত হারে মালিকের দরদ থাকে তবে পূজা কমিটির সভ্য শ্রীযতীন্দ্রনাথ হালদার এর নিকট সন্তোষজনক বিবরণ দিয়া লইয়া যাইবেন।

শ্রীযতীন্দ্রনাথ হালদার
রঘুনাথগঞ্জ গোডাউন কলোনী।

---

## ছাত্রগণের বদান্যতা

রঘুনাথগঞ্জ হাই স্কুলের ছাত্রগণ অন্যান্য বৎসরের ন্যায় এবারও নিজেদের মধ্য হইতে অর্থ সংগ্রহ করিয়া ৪৪টী নূতন জামা জরুর ও বাড়ালা গ্রামের দুস্থ বালক বালিকাগণের মধ্যে বিতরণ করিয়াছে। তাহারা আরও ১২টী পুরাতন জামাও বিতরণ করিয়াছে। অন্যান্য স্কুলের ছাত্রগণের পক্ষে এবম্বিধ দান অনুকরণীয়।

---

## কলেরা রোগ

—০—

প্রায় মাস খানেক পূর্ব্বে রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত দয়ারামপুর ও সেখালিপুর ইউনিয়নের কয়েক খানি গ্রামে কলেরা রোগে ৩০।৩২টী মহাপ্রাণী মারা গিয়াছে। যথাসময়ে স্বাস্থ্য-বিভাগ হইতে ব্যবস্থা অবলম্বন করায় ঐ সব এলাকায় কোন নূতন আক্রমণ হয় নাই। মিঠিপুর ইউনিয়নের চাঁওয়া-পাড়া গ্রামে উক্ত রোগে ৫।৬টী লোক মারা গিয়াছে এবং এখনও কয়েকটী রোগী আছে।

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটির ছোটকালিয়াই ও জয়রামপুর মহল্লায় ১০ জন লোক কলেরা রোগে আক্রান্ত হইয়াছিল তন্মধ্যে ৬ জন মারা গিয়াছে। বর্ত্তমানে উক্ত এলাকায় কোন রোগী নাই।

---

## খনিগর্ভ হইতে ১১ জনকে জীবন্ত উদ্ধার

—০—

বড়ধেমো কয়লা খনির অভ্যন্তরে ২০ দিন আটক থাকিবার পর যেভাবে ১১ জন খনি-শ্রমিক জীবিত অবস্থায় উদ্ধার লাভ করিয়াছে, তাহাতে "রাখে কেষ্ট মারে কে" প্রবাদ-বাক্যটিই আর একবার সকলের স্মরণ হইবে। বড়ধেমো কয়লা খনিতে জল প্রবেশ করিয়া ধ্বস নামার ফলে খনিগর্ভে যে ৩৯ জন শ্রমিক আটক পড়িয়াছিল তাহাদের এতদিন পরে জীবিত অবস্থায় দেখিবার আশা কেহ করে নাই। ১১ জন শ্রমিক জীবিত অবস্থায় এখন উদ্ধার লাভ করিয়াছে।

---

বিশ্বস্ত প্রতিষ্ঠান

**চা-সংসদে**

রকমারী সুগন্ধি দার্জ্জিলিং চা এবং আসাম ও ডুয়ার্সের ভাল চা ন্যায্য মূল্যে পাবেন। আপনাদের সহানুভূতি ও শুভেচ্ছা কামনা করি।

চা-সংসদ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

## আফিমখোরদের নেশা ছাড়াইবার ব্যবস্থা

আফিমখোরদের আফিম খাওয়ার অভ্যাস ত্যাগ করাইবার সমস্যা পরীক্ষা করিয়া দেখিবার জন্য নিযুক্ত মেডিক্যাল কমিটির সুপারিশগুলি ভারতীয় নিদ্রাকারক ঔষধ সম্মেলনে অনুমোদিত হইয়াছে।

কমিটি সুপারিশ করেন যে, আফিমখোরদের অভ্যাস ক্রমশঃ ছাড়াইবার এবং অনারোগ্য ব্যাধির ক্ষেত্রে রোগের যন্ত্রণা উপশমের উদ্দেশ্যে কেবলমাত্র নির্দ্দিষ্ট মেডিক্যাল কর্ত্তৃপক্ষের দ্বারা আফিমের পারমিট মঞ্জুর করা হইবে। মাসে অনূর্দ্ধ পাঁচ তোলা আফিম মঞ্জুর করা হইবে। কিন্তু উহা প্রতিদিন মাসে ⅕ অংশ করিয়া হ্রাস করা হইবে। কমিটি বিভিন্ন রাজ্যের নিকট বিশেষ মেডিক্যাল বোর্ড গঠনের সুপারিশ করিয়াছেন। কেবলমাত্র ঐ বোর্ড আফিমের বরাদ্দ পুনর্মঞ্জুর বা বৃদ্ধি করিতে পারিবেন। আফিমখোরদের চিকিৎসার জন্য রাজ্যগুলির বিশেষ সংস্থা গঠনের ব্যবস্থা করা উচিত বলিয়া কমিটি যে সুপারিশ করেন তাহা ঐ সম্মেলনে অনুমোদন করা হয়। [ প্রেস ইনফরমেশন ব্যুরো

## অন্ধদের কল্যাণ সাধন

অন্ধদের কল্যাণ সাধনের দায়িত্ব বর্ত্তমানে রাজ্য সরকার গ্রহণ করিয়াছে। তাহাদের সমাজে প্রতিষ্ঠিত করিবার জন্য শিক্ষাদান এবং বৃত্তি শিক্ষা গ্রহণে সাহায্য করা সামাজিক দায়িত্ব হিসাবে সর্ব্বজনগ্রাহ্য হইয়াছে।

ভারতে ৬৮টি প্রতিষ্ঠানে ২০০০ শিশু ও বয়ঃপ্রাপ্ত অন্ধকে প্রাথমিক শিক্ষা অথবা বৃত্তি শিক্ষা দেওয়া হইতেছে। দ্বিতীয় পরিকল্পনাকালে শিক্ষার সম্প্রসারণের ব্যবস্থা হইয়াছে।

প্রেস ইনফরমেশন ব্যুরো



# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
## নিলামের দিন ১২ই নভেম্বর ১৯৫৬

১৯৫৬ সালের ডিক্রীজারী

৩৬ থাং ডিঃ যাদবেন্দ্রনাথ ভট্টাচার্য্য দিং দেং হরিহর ঘোষাল দাবি ৪৩৮৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে মণ্ডলপুর ৬২ শতকের কাত ৫৷৵৬ আঃ ৬০৲ থং ৩৯৬

১৮১ থাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলক্ষা দেং মণিমোহন চৌধুরী দাবি ২৭২৮৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে তালাই ৬-২ শতক জমি আঃ ৬০০৲ থং ৪০

৫০ থাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দিং দেং কৃপাসিন্ধু মুখোপাধ্যায় দিং দাবি ১২৪৷৶৯ থানা সুতী মৌজে হিলোড়া ৩৭২ শতকের কাত ১৭/৩ আঃ ৩৭০৲ থং ৩২৭, ৪৭০, ৪৭১, ৪৭২

১৬ স্বত্ব ডিঃ গোপালচন্দ্র দাস দেং আশুতোষ দাস দিং দাবি ৮০৷৩ থানা সুতী মৌজে পুড়াপাড়া ৷২৷৴৪ জমি আঃ ৫০৲ থং ১৬১

১৩২ থাং ডিঃ ষষ্ঠীপদ দত্ত দিং দেং মরিয়ম নেসা বেওয়া দিং দাবি ২৬৷/৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে পানানগর ১০৮ শতকের কাত ১৸৵০ আঃ ১০৫৲

২১৮ থাং ডিঃ ঐ দেং মেহের আলি বিশ্বাস দিং দাবি ৪৭/৬ মৌজাদি ঐ ১৩৯ শতকের কাত ৮৶০ আঃ ১৩৫৲ রায়ত স্থিতিবান স্বত্ব

১৩০ থাং ডিঃ ঐ দেং কিশোরীমোহন দাস দাবি ৪৪৷৩ থানা ঐ মৌজে সোনাটিকরী ৯৮ শতকের কাত ৭৷/৩ আঃ ২৲

১৯২ থাং ডিঃ সেঃ রাজা কমলারঞ্জন রায় দেং রাজপতি কুঙর দিং দাবি ২১৲ থানা রঘুনাথগঞ্জ মৌজে গিরিয়া কিশমৎ ৷/৬ জমার জমি আঃ ১০৲ থং ১২৫

১৭৪ থাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং শচীন্দ্রনাথ চৌধুরী দিং দাবি ১৯৶০ থানা সুতী মৌজে পুড়াপাড়া ৬৫ শতকের কাত ১৷৪ আঃ ৬৫৲ রায়ত স্থিতিবান স্বত্ব

১০৯ থাং ডিঃ সহস্রাংশুকান্ত আচার্য্য দিং দেং কলিমুদ্দিন মণ্ডল দিং দাবি ৬৭৸৵০ থানা সুতী মৌজে নূরপুর ১-৭৪ শতকের কাত ৩৲ আঃ ১৭০৲ থং ৬ রায়ত স্থিতিবান স্বত্ব

১৪১ থাং ডিঃ সেবাইত ও স্বয়ং পদ্মকামিনী দেবী দেং সওকত সেথ দিং দাবি ৩১৷০ থানা সুতী মৌজে বহুতালী ৯১ শতকের কাত ২৷১১ পাই আঃ ১০০৲ থং ২৫৮ রায়ত স্থিতিবান স্বত্ব

১৪২ থাং ডিঃ ঐ দেং মৌলবী মহাম্মদ হোসেন দাবি ১৪৷/৬ পাই থানা ঐ মৌজে বাহাগলপুর ৩৩ শতকের কাত ৷/১০ আঃ ৩৫৲ ঐ স্বত্ব

১৫৩ থাং ডিঃ পদ্মকামিনী দেবী দেং জায়েদা খাতুন বিবি দিং দাবি ৪৬৶/৬ থানা সুতী মৌজে হাজীপুর ৮-৩১ শতকের কাত ১৬৲ আঃ ৮৩০৲ থং ৯৮ রায়ত স্থিতিবান স্বত্ব

১৫৮ থাং ডিঃ ঐ দেং কালাচাঁদ মুখোপাধ্যায় দিং দাবি ৬৩৷৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে সোনাটিকুরী ১২৮ শতকের কাত ১১৲১১ নিজাংশে ৷০ আনা রকম আঃ ৪০৲ থং ২৬৮ মধ্যস্বত্ব চিরস্থায়ী ২নং লাট থানা ঐ মৌজে দেউলী ৩৬ শতকের কাত ১৷০ আঃ ১০৲ থং ১০৭ রায়ত স্থিতিবান স্বত্ব

১৫৪ থাং ডিঃ সেবাইত পদ্মকামিনী দেবী দেং রঘুনাথ ঘোষ দিং দাবি ২৭৸৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে সোনাটিকুরী ১-৩৭ শতকের কাত ৩৷১৫ আঃ ১৩৫৲ থং ১১০ দখলকার

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
## নিলামের দিন ১৯শে নভেম্বর ১৯৫৬

১৯৫৫ সালের ডিক্রীজারী

১৭ মনি ডিঃ হেমবরণ চক্রবর্ত্তী দেং রসরাজ ঘোষ দাবি ২৫৯৸৶০ থানা সাগরদীঘি মৌজে ছামুগ্রাম ২০ শতক জমি আঃ ১৫৲ থং ৬৪১ ২নং লাট মৌজাদি ঐ ১২ শতক জমি আঃ ১০৲ থং ১২৯৯ ৩নং লাট মৌজাদি ঐ ৮ শতক জমি আঃ ১০৲ থং ৮১৬

১৯৫৬ সালের ডিক্রীজারী

৭৬ থাং ডিঃ সেবাইত মহান্ত গণপতি দাস গোস্বামী দেং যুগল দাস দিং দাবি ৫৮৷৶৬ থানা সাগরদীঘি মৌজে হুকারহাট ১৫২ শতকের কাত ৮৵৫ আঃ ৬৫৲ থং ১৫

১৭৮ থাং ডিঃ বিশ্বেশ্বর ঘোষাল দেং মহাম্মদ ইউনুস বিশ্বাস দাবি ২৬৵৯ থানা সাগরদীঘি মৌজে একরখি ১-৭৫ শতকের কাত ৭৷/৬ পাই আঃ ১৫০৲ থং ১৭৬ রায়ত স্থিতিবান

১১০ থাং ডিঃ আইজাননেসা বিবি দেং করিমন বিবি দাবি ৪৫৷/৯ থানা সাগরদীঘি মৌজে গাঙ্গাড্ডা ১-৪৭ শতকের কাত ৬৷৬ পাই আঃ ১০০৲ থং ২৬৪ স্থিতিবান স্বত্ব

১১১ থাং ডিঃ ঐ দেং সুধীরকুমার মুখোপাধ্যায় দাবি ১৮৷৶৬ মৌজাদি ঐ ২৫ শতকের কাত ২৷৩ আঃ ২০৲ থং ২০১ ঐ স্বত্ব

১১৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬৲৯ মৌজাদি ঐ ৪৭ শতকের কাত ১৷/৬ আঃ ৪০৲ থং ২০০ ঐ স্বত্ব

১১৪ থাং ডিঃ ঐ দেং মতিওর রহমান নাঃ দিং পক্ষে অলি পিতা আবদুল খালেক সেথ দাবি ২০৶/৯ পাই মৌজাদি ঐ ৫২ শতকের কাত ১৷০ আঃ ৫০৲ থং ১৬৭ ঐ স্বত্ব

১৭৯ থাং ডিঃ অশ্বিনীকুমার সরকার দিং দেং সামমহম্মদ সেথ ওরফে গুদড় সেথ দিং দাবি ৪৪৸৯ পাই থানা সমসেরগঞ্জ মৌজে জয়কৃষ্ণপুর দিং ১৫৩ শতকের কাত নিজাংশে ৷৩ আঃ ১৫ ৲ জয়কৃষ্ণপুর থং ১৫৬ ও মৌজে কোহতপুর থং ৪৭

১৪২ থাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং রণজিৎ সিংহ দাবি ১৮৸৶/৯ পাই থানা সুতী মৌজে অনুপনগর ৮৭ শতকের কাত ২৷৵১৫ আঃ ১০০৲ থং ৩৬০০ রায়ত স্থিতিবান

৭৭ থাং ডিঃ কুমার নৃপেন্দ্রচন্দ্র পাঁড়ে দিং দেং মির ওয়াসেদ আলি দিং দাবি ৪৩৵৩ পাই থানা ফরক্কা মৌজে ফতেপুর ২-৯৪ শতকের কাত ৬৷/০ আঃ ১০০৲ থং ৮

২০৮ থাং ডিঃ মহেন্দ্রলাল সাহা দেং খোকনচন্দ্র দাস দিং দাবি ১৫৸৩ পাই থানা ফরক্কা মৌজে মমরেজপুর ৮৪ শতকের কাত ২৲ আঃ ১০৲ থং ৭৮৩

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

# বিশ্বজননী এলেন কান্দিতে নিঃস্ব জননী রূপে



স্বাধীনতা লাভের মাশুল স্বরূপ পৈতৃক সর্ব্বস্ব ফেলিয়া স্ত্রী-পুত্র-কন্যার সহিত রিক্ত হস্তে অতিরিক্ত সুখের আশায় দেশান্তরে কলোনি নামক বস্তির মধ্যে কুটিরে মাথা লুকাইতে বাধ্য হইতে হইয়াছে। নাম দীনবন্ধু চৌধুরী। ব্রাহ্মণ।

কলোনিতে কলোনিবাসীদের সরকারী লোন করা অর্থে মা-দুর্গার পূজার আয়োজন হইয়াছে। রাত্রিদিন গান বাজনা মাইকের নাদে লাপ্পা গানের ব্যবস্থা হইবে তাহার আয়োজনের ত্রুটি নাই। সদম্ভে সক্ষম অক্ষম সকলের নিকট চাঁদা আদায়ের কড়া জুলুম চলিতেছে। কয়েক বৎসর ধরিয়া যেমন চলিয়াছে এবারও তাহার কোনও অঙ্গহানি হইবে না। মহাপূজার ব্যয় আদায়ীকৃত টাকার সামান্য অংশ আর আমোদ আহ্লাদ ও আলো রোসনাইএর ব্যবস্থা রাজা মহারাজাদের হার মানাবার মত।

চৌধুরী মহাশয়ের এই পূজায় মন বসিল না। তিনি তাঁহারই মত উদ্বাস্তু তাঁহার কুল-পুরোহিত তর্করত্ন মহাশয়ের নিকট গিয়া বলিলেন—"কলোনির চাঁদা দিতেই হবে নইলে বাস করা কঠিন হবে। চলুন—আমাদের পূর্ব্বাপূর্ব্ব বৎসরের ন্যায় বন-মাঝে নির্জ্জনে বসিয়া পাষাণের বেটী পাষাণীর পূজা করা যাবে। এবার দাদা, স্নানীয়, পানীয় আর আচমনীয় গঙ্গোদকম্ ছাড়া আর কোন বস্তুর অনুকল্পে গঙ্গাজল দিয়া বেটীর সঙ্গে প্রবঞ্চনা করা হবে না। বরং কোনও দ্রব্য নিবেদন করিব না, সেও আচ্ছা, যা নাই তারই বদলে জল ছিটানো ছাড়তে হবে। কোন জিনিষের বদলে অন্য কোনও জিনিষ দেওয়া চলে নাকি?"


তর্করত্ন মহাশয় বলিলেন—আমরা যেমন মুগের ডাল না পেলে কলাই ডাল খাই তেমনি মাকে আমাদের অবস্থানুরূপ উপকরণ দিয়ে পূজা করবো। জানেন তো—

মধ্বাভাবে গুড়ং দদ্যাৎ
ঘৃতাভাবে তু তৈলকং।
যবার্থে গোধূং দদ্যাৎ
মুগার্থে তু মাষকম্॥

মধুর অভাবে গুড়, ঘৃতের অভাবে তৈল, যবের অভাবে গম ও মুগের অভাবে মাষকলাই দিলে বিত্ত-শাঠ্য অপরাধ হয় না। সব দ্রব্যের অভাবেই গঙ্গা-জল নিছক শঠতা ছাড়া কিছুই নয়।

মহালয়ার দিন চৌধুরী মহাশয় ও তর্করত্ন মহাশয় এই জল্পনা কল্পনা করিতেছেন—হঠাৎ দেখিলেন কলকল্লোলিনী মা গঙ্গা তাঁহার ভ্রাতা দামোদর, অজয়, ভগ্নী ময়ূরাক্ষী, ব্রহ্মাণী, বাঁকা প্রভৃতির সহিত একত্রে সংহার মূর্ত্তি ধারণ করিয়া দেশ প্লাবিত করিয়া উদক উৎসর্গের ফল উদকেই প্রদান করিয়া লোকের সর্ব্বস্ব ধ্বংস করিয়া দিলেন। কত পূজামণ্ডপে দুর্গা প্রতিমা নির্ম্মাণের পূর্ব্বেই অর্দ্ধনির্ম্মিত অবস্থায় বিসর্জ্জিত হইল।

মা দুর্গা ইঁহাদের সংকল্পিত পূজারণ্যে আবির্ভূতা হইয়া বলিলেন—বৎসগণ! আমি তোমাদেরই মত কান্দিতে কান্দিতে আসিয়াছি। জানো বৎস! অতি দর্পে হতা লঙ্কা। বিশেষ অজ্ঞ লোক যখন বিশেষজ্ঞ হইয়া স্পর্দ্ধা করে, তখন সে দর্প এই ভাবেই চূর্ণ হয়।




## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১১

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

সোল এজেন্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত